## দি ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ এর সদস্য ব্যাঙ্ক সমূহ

১। আরামবাগ কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ-আরামবাগ, জিলাঃ হুগলী
দূরভাষঃ ০৩২২১-২৫৫১২৬

২। আলিপুরদুয়ার কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ-আলিপুরদুয়ার, জিলাঃ জলপাইগুড়ি দূরভাষঃ ০৩৫৬৪-২৫৫২৭৭

৩। বর্ধমান কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ও জিলা-বর্ধমান
দূরভাষঃ ০৩৪২-২৬২৩৯০

৪। দক্ষিণ দিনাজপুর জিলা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ বালুরঘাট, জিলাঃ দক্ষিণ দিনাজপুর দূরভাষঃ ০৩৫২২-২৫৮৮০১

৫। বাঁকুড়া জিলা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ও জিলা বাঁকুড়া
দূরভাষঃ ০৩২৪২-২৫০২২৫৪

৬। বীরভূম কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ সিউড়ি, জিলাঃ বীরভূম
দূরভাষঃ ০৩৪৬২-২৫৫৪৪৫

৭। কুচবিহার কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ও জিলাঃ কুচবিহার
দূরভাষঃ ০৩৫৮২-২২২২৬০

৮। কন্টাই কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ কন্টাই, জিলাঃ পূর্ব মেদিনীপুর
দূরভাষঃ ০৩২২০-২৫৫১৮৪, ২৫৫১৯৮

৯। ঘাটাল কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ঘাটাল, জিলাঃ পশ্চিম মেদিনীপুর
দূরভাষঃ ০৩২২৫-২৫৫১০১, ২৫৫৯০৯

১০। হুগলী কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ চুঁচুড়া, জিলাঃ হুগলী
দূরভাষঃ ২৬৮০-২১৩১

১১। হাওড়া ডিস্ট্রিক্ট কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ উলুবেড়িয়া, জিলাঃ হাওড়া
দূরভাষঃ ২৬৬১-০৩০১

১২। মালদা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ও জিলাঃ মালদা
দূরভাষঃ ০৩৫১২-২৫২৪০২

১৩। দক্ষিণ ২৪ পরগণা জিলা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, ২১/১/সি, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা-৭০০০১৯ দূরভাষঃ ২৪৪০-৭২৩২

১৪। তমলুক কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ তমলুক, জিলাঃ পূর্ব মেদিনীপুর
দূরভাষঃ ০৩২২৮-২৬৬০১১, ২২৮১২১

১৫। জলপাইগুড়ি কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ও জিলাঃ জলপাইগুড়ি
দূরভাষঃ ০৩৫৬১-২৩০৭৪৮, ২২৮১২১

১৬। ঝাড়গ্রাম কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ ঝাড়গ্রাম, জিলাঃ পশ্চিম মেদিনীপুর
দূরভাষঃ ০৩২২১-২৫৫১৬৯

১৭। কাটোয়া কালনা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ কাটোয়া, জিলাঃ বর্ধমান
দূরভাষঃ ০৩৪৫৩-২৫৫১৩৮

১৮। কান্দি কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ কান্দি, জিলাঃ মুর্শিদাবাদ
দূরভাষঃ ০৩৪৮৪-২৫৫২৭৮

১৯। মেদিনীপুর কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ মেদিনীপুর, জিলাঃ পশ্চিম মেদিনীপুর
দূরভাষঃ ০৩২২২-২৭৫২৭০, ২৬৬৯৫০

২০। মুর্শিদাবাদ কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ বহরমপুর, জিলাঃ মুর্শিদাবাদ
দূরভাষঃ ০৩৪৮২-২৫০৫৩৪

২১। নদীয়া কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ কৃষ্ণনগর, জিলাঃ নদীয়া
দূরভাষঃ ০৩৪৭২-২৫২২৪৭, ২৫২১৪৭


২২। উত্তর ২৪ পরগণা কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ বারাসাত, জিলাঃ উত্তর ২৪ পরগণা দূরভাষঃ ২৫৫২-৩৪৩৭

২৩। রায়গঞ্জ কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ রায়গঞ্জ, জিলাঃ উত্তর দিনাজপুর
দূরভাষঃ ০৩৫২৩-২৪২২৯৫

২৪। রামপুরহাট কো-অপাঃ এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিঃ, পোঃ রামপুরহাট, জিলাঃ বীরভূম
দূরভাষঃ ০৩৪৬১-২৫৫১৮৪

# স্বয়ম্ভর গোষ্ঠী
# ও
# সার্বিক গ্রামোন্নয়ন

## নির্দেশিকা



**পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক লিঃ**

২৫ ডি, শেক্সপীয়ার স্মরণী, কলকাতা - ১৭



কালিম্পং এর মিরিক গ্রামে ব্যাঙ্কের উদ্যোগে ব্যাঙ্কের ঋণ ও গ্রামোন্নয়ন সংক্রান্ত মহিলাদের সভা



নদীয়া জেলায় ব্যাঙ্কের আর্থিক সহায়তার কলাচাষ।




হুগলী জেলার আরামবাগে ব্যাঙ্কের উদ্যোগে ঋণ ও উন্নয়ন সংক্রান্ত সভা

# স্বয়ম্ভর গোষ্ঠী ও সার্বিক গ্রামোন্নয়ন

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক
২৫ডি/শেক্সপীয়ার সরণি
কলকাতা-৭০০ ০১৭

স্বয়ম্ভর গোষ্ঠী ও
সার্বিক গ্রামোন্নয়ন

প্রকাশনায় ঃ
পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি
ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক
The W.B. State Co-op. Agriculture
& Rural Development Bank Ltd.
25D, Shakespeare Sarani
Kolkata-700 017

প্রকাশ ঃ
জানুয়ারী, ২০০৯

মুদ্রণে ঃ আর্ট স্টেশনার্স এন্ড প্রিন্টার্স
৪৪/১,সি. বেনিয়াটোলা লেন,
কলকাতা-৭০০ ০০৯
ফোন ঃ ২২৪১ ৩৬১৯

## ভূমিকা

কৃষি নির্ভর অর্থনীতিতে দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে গ্রামীণ উন্নয়ন অঙ্গাঙ্গীভাবে জড়িত। স্বাধীনতার পর থেকে কৃষি, কৃষি সহযোগী ও অকৃষিক্ষেত্রে যুক্ত গ্রামীণ দরিদ্র সম্প্রদায়ের উন্নয়নের জন্য সময়ে সময়ে বিভিন্ন প্রচেষ্টা ও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই সমস্ত কেন্দ্রীয় তথা রাজ্য সরকারের পরিকল্পনা সঠিক রূপায়ন করার জন্য বিভিন্ন সমবায় সংস্থা, বেসরকারি সংস্থা, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সামিল হয়েছে। সার্বিক গ্রামোন্নয়নের কর্মসূচী সফল করার জন্য গ্রামাঞ্চলে সরকারি উৎসাহে বাণিজ্যিক ব্যাঙ্ক, গ্রামীণ ব্যাঙ্ক, ও সমবায় ব্যাঙ্ক সমূহ ঋণদানের ব্যবস্থা করে আসছে। কিন্তু বাস্তবে দেখা যায় যে সমাজের দরিদ্রতম শ্রেণীর একটি বিরাট অংশ এখনও ব্যাঙ্কিং আওতার বাইরে থেকে গেছে। প্রথাগত ব্যাঙ্ক ব্যবস্থার মাধ্যমে সমাজের সমস্ত দরিদ্রতম শ্রেণীর কাছে এখনও পৌছানো সম্ভব হয়নি, পর্যবেক্ষণে দেখা গেছে গ্রামীণ দরিদ্র মানুষদের প্রধানতঃ দু ধরনের ঋণের প্রয়োজন। এক, জীবনধারণের ন্যূনতম প্রয়োজন যথা খাদ্য, বস্ত্র ও বাসস্থানের জন্য কোন কর্ম তথা উপার্জনের পথ তৈরীর জন্য। দুই পরিবারের সদস্যদের চিকিৎসা, শিক্ষা অন্যান্য সামগ্রীর জন্য ঋণ। এই ঋণের পরিমানও খুব কম। তাঁরা চান সহজ শর্তে ঋণ যা তাঁরা তাঁদের সুবিধামত পরিশোধ করতে পারবেন।

গ্রামীণ দরিদ্র মানুষদের বছরে একাধিক বার ঋণের প্রয়োজন হয়। প্রথাগত ঋণদান ব্যবস্থায় এত বেশী সংখ্যক লোককে অল্প পরিমাণ ঋণ দানের কাগজপত্র তৈরী করা, ঋণ বিলি করা, প্রকল্প ভিত্তিক ঋণের দেখভাল করার মতো সময় এবং পরিকাঠামো নেই। গ্রামের হতদরিদ্র শিল্পী, কারিগর, কৃষিজীবি মানুষ যা কিছু উপার্জন করেন তা থেকে খেয়ে পড়ে যৎসামান্যই সঞ্চয় করতে পারেন যা তারা সঞ্চয়ী আমানতে জমা রাখতে চান। কিন্তু সমস্ত গ্রামে ব্যাঙ্ক ব্যবস্থা না থাকায় তাঁরা বেশীরভাগ ক্ষেত্রেই শহরে এসে জমা করতে পারেন না। এই প্রেক্ষাপটে তাদের আর্থসামাজিক উন্নয়ন বিলম্বিত হয়।

এই সমস্ত সমস্যা সমাধানের জন্য ও ব্যাঙ্কের সামাজিক দায়বদ্ধতার কারণে বিশেষজ্ঞরা আলোচনার মাধ্যমে একটি অপ্রথাগত ঋণ দাদন ব্যবস্থা শুরু করেছেন যাতে গরীব মানুষেরা দল গঠন করে নিজেদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দলের কাছে গচ্ছিত রাখেন এবং দল সেই অর্থ ব্যাঙ্কের কাছে গচ্ছিত রেখে ঋণ গ্রহণের সুযোগ পায়। দল সেই ঋণের টাকা দলের সদস্যদের মধ্যে বিলি করে। সদস্যরা সেই ঋণের টাকা

দিয়ে নিজেদের ছোট খাটো কর্ম সংস্থানের ব্যবস্থা করে সময়ান্তে দলকে ঋণ পরিশোধ করে এবং দল ব্যাঙ্ককে ঋণ পরিশোধ করেন। ক্রমাগত এই চক্র চলতে থাকলে একটা উন্নয়নের আলো তাদের মধ্যে ছড়িয়ে পড়ে। এই দলগুলিকেই বলা হয় স্বয়ম্ভর গোষ্ঠী। ১৯৯২ সালে জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক (NABARD) স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে ঋণ দান শুরু করে এবং ধীরে ধীরে বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্ক, গ্রামীণ ব্যাঙ্ক ও সমবায় ব্যাঙ্কগুলি এই পদ্ধতির মাধ্যমে ঋণদানে উৎসাহিত হয় এবং দরিদ্র মানুষের অর্থনৈতিক মানোন্নয়নে এর সদর্থক ভূমিকা ক্রমেই প্রতিফলিত হতে থাকে।

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক (WBSCARDB) ২০০৬-০৭ সাল থেকে স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে ঋণ দানের পরিকল্পনা গ্রহণ করে এবং সেই সঙ্গে জেলা ও মহকুমা স্তরের কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলি (ARDB) ও নিজস্ব ব্রাঞ্চগুলির মাধ্যমে গোষ্ঠী গঠনের প্রক্রিয়া শুরু করে। ইতিমধ্যে কয়েকটি ARDB ও WBSCARDB-র দার্জিলিং ব্রাঞ্চ বেশ কিছু স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করেছে এবং সেগুলির মাধ্যমে ঋণ দেওয়া শুরু হয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য বিষয় হলো যে গোষ্ঠীর মাধ্যমে ঋণ দেওয়া ঋণের আদায় প্রায় ৯৮ শতাংশ।

ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, ভূমিহীন ক্ষেত মজুর, কলকারখানা-শ্রমিক, কুটির শিল্পী, পশুপালন করেন এমন স্বল্প আয়ের মানুষজন, বাড়ীতে কাজ করেন এমন কাজের মেয়েরা, সবজি বিক্রেতা, ফল বিক্রেতা এবং বাড়ীর গৃহবধূরা নিজেদের মধ্যে স্বয়ম্ভর গোষ্ঠী বা সেল্‌ফ হেল্প গ্রুপ গঠন করতে পারেন।

একই অর্থনৈতিক ও সামাজিক স্তরের দরিদ্র মানুষগণ পারস্পরিক সহযোগীতায় সমমনস্ক হয়ে পরস্পরের প্রতি বিশ্বাস ও আস্থার বাতাবরণে নিজেদের জীবনের তাগিদে গোষ্ঠী গঠন করবেন। তাঁরা নিজেদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে একটি সঞ্চয় তহবিল গড়ে তুলবেন। এবং তাঁদেরই গড়া তহবিল থেকে যে যার তাৎক্ষণিক প্রয়োজনে, যথা, ছেলেমেয়েদের চিকিৎসার খরচ, পড়াশোনার খরচ, পশুপালন, সবজি চাষবাস, মাছচাষ মুড়িভাজা, সবজি বিক্রি করা, চাল তৈরী করা বা তার পছন্দমত অন্যান্য হাতের কাজ যা প্রত্যক্ষভাবে উৎপাদন বৃদ্ধিতে কাজে লাগে ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে ঋণ পাবেন। গোষ্ঠী গঠনের পূর্বে যিনি নেতৃত্ব দেবেন (প্রতিষ্ঠানের কর্মী বা পরিচালক) তাঁকে ছোট সমীক্ষার মাধ্যমে জেনে নিতে হবে তাদের (গোষ্ঠী যাঁদের নিয়ে গড়ে তোলা হবে) বর্তমান জীবিকা, উৎপাদিত দ্রব্য কি এবং সেইসব জিনিসের বাজারই বা কেমন। গোষ্ঠী কি এবং তার প্রয়োজনীয়তা কি তা আলোচনা



করে নিতে হবে। দু-তিন মাসের আলোচনার পর যে সমস্ত সদস্যরা স্বেচ্ছায় এগিয়ে আসবেন তাঁদের দিয়ে ছোট ছোট স্বয়ম্ভর গোষ্ঠী গড়ে তুলতে হবে।

**স্বয়ম্ভরতা কাকে বলে**

স্বয়ম্ভরতা হলো নিজেকে অর্থনৈতিক ও সামাজিক ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার পথ। যখন কোন ব্যক্তি এককভাবে এগোতে সক্ষম না হন তখন দলবদ্ধ গোষ্ঠী বদ্ধভাবে এগিয়ে যেতে হয়। এই গোষ্ঠীবদ্ধভাবে চলার মধ্যে উপলব্ধি হয় "একতাই বল"। আমাদের মতো দারিদ্র্যপ্রবণ দেশে এইভাবে গোষ্ঠীবদ্ধভাবে অর্থনৈতিক ও সামাজিক কাজকর্মের মধ্যে দিয়েই বৃহত্তর শ্রেণীর মানুষের সার্বিক উন্নতি সম্ভব।

**স্বয়ম্ভর গোষ্ঠী কি?**

৫ থেকে ২০ জন পুরুষ বা মহিলা নিজেদের পায়ে দাঁড়াবার সংকল্প নিয়ে একটি স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করতে পারেন। এই গোষ্ঠী গঠনে তাই মোটামুটি সমবিত্ত সম্পন্ন দরিদ্র শ্রেণীভুক্ত মানুষ নিজেদের বোঝাপড়ার ভিত্তিতে সংঘবদ্ধ হন। এই গোষ্ঠী প্রত্যেক সপ্তাহে বা প্রত্যেক মাসে একটি নির্দিষ্ট পরিমাণ সঞ্চয়ের হার ধার্য্য করে এবং গোষ্ঠীর প্রত্যেক সদস্য স্বতঃপ্রবৃত্ত হয়ে এই সঞ্চয় করে। এই সঞ্চয় চলাকালীন গোষ্ঠীর সদস্যরা প্রত্যেক সপ্তাহে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হয়ে নিজেদের সমস্যা বা চিন্তাধারা নিয়ে আলোচনা বা মত বিনিময় করে। গোষ্ঠীর সদস্যদের দ্বারা নির্বাচিত একজন "দলনেতা" ও উপ দলনেতা বৈঠক বা আলোচনা পরিচালনা করেন এবং সঞ্চয়ীকৃত অর্থের হিসাবপত্র রাখেন — অবশ্য অন্যান্য সকল সদস্যই এই কাজে তাদের সাহায্য করে। স্বয়ম্ভর গোষ্ঠীর মূল কথা "গণতান্ত্রিক" আদর্শ। গোষ্ঠীর সঞ্চিত অর্থ যে কোন ব্যাঙ্কে গচ্ছিত রেখে ব্যাঙ্ক থেকে ঋণ নিতে পারে। এই ঋণের অর্থ সদস্যদের মধ্যে বিভিন্ন অর্থনৈতিক কাজে বা অন্যান্য প্রয়োজনে সুদের বিনিময়ে বিলি করতে পারে। সপ্তাহান্তে বা মাসান্তে সদস্যগণ কর্তৃক সুদ সমেত পরিশোধকৃত অর্থ গোষ্ঠী ব্যাঙ্কে পরিশোধ করবে। এই গোষ্ঠী নিবন্ধীকরণের (Registration) প্রয়োজন নেই।

**স্বয়ম্ভর গোষ্ঠী কিভাবে গঠন করা যাবে**

মানুষের সাথে পরিচিত হয়ে তাদের বিশ্বাস অর্জন করার মাধ্যমেই দল গঠন করা সম্ভব।

দল গঠনের বিভিন্ন ধাপ

- গ্রামের গরীব পরিবারে লোকজনের সাথে দেখা করুন ও প্রথমে নিজের পরিচয় দিন।
- তাদের সাথে কথা বলুন।
- গ্রামের বয়স্ক মানুষদের সাথে দেখা করে আপনার পরিকল্পনার কথা বুঝিয়ে বলুন এবং তা রূপায়নে তাঁদের সাহায্য চান।
- প্রত্যেক পরিবারের সাথে দেখা করার সময় নিম্নলিখিত তালিকাটি ব্যবহার করুন।

নিম্নলিখিত প্রশ্নগুলি প্রতিটি পরিবারকে জিজ্ঞাসা করে পূরন করতে হবে।

১। পরিবারের প্রতিটি শিশু স্কুলে যায় কিনা।
২। পরিবারে কোনও নিরক্ষর সদস্য আছে কিনা।
৩। পরিবারে উপার্জনক্ষম সদস্য কতজন?
৪। পরিবারের মাসিক/বাৎসরিক আয় কত?
৫। পানীয়জলের ব্যবস্থা কি প্রকার?
৬। শৌচাগার আছে কিনা।
৭। পরিবারের কোনও সদস্য দীর্ঘকাল ধরে অসুস্থ আছেন কিনা।
৮। পরিবারের কোনও সদস্য নেশাগ্রস্ত হয়ে পড়েছে কিনা।
৯। বসতবাটি কি পাকা না কাঁচা (মাটির, ছিটেবেড়ার)
১০। তারা কি মহাজনের কাছ থেকে ঋণ নেয় নিয়মিত?
১১। তারা প্রত্যহ দুবেলা যথোপযুক্ত খাদ্য পাচ্ছে কিনা।
১২। তারা কি অনুসূচিত জাতি বা উপজাতি গোষ্ঠীভুক্ত?

(উপরোক্ত প্রশ্নের উত্তরগুলি থেকে ধারণা করা যাবে যে পরিবারটি সত্যিই দরিদ্র কিনা)

## স্বনির্ভর গোষ্ঠী গঠনের অন্যান্য দিক

সমমনোভাবাপন্ন ব্যক্তিদের নিয়ে গোষ্ঠী গঠন করতে হবে। একই রকম জীবন ধারণ পদ্ধতি, একই রকম পেশা, একই স্থানে বসবাসকারী এবং একই রকম দারিদ্রের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিগণকে সমমনোভাপন্ন বলা যেতে পারে।

গ্রাম পঞ্চায়েতের প্রধান সর্বজন শ্রদ্ধেয় এবং বয়স্ক মানুষদের গোষ্ঠী গড়ার



পরিকল্পনাটা বুঝিয়ে বলুন। গোষ্ঠী গড়তে তাঁদের সাহায্য আপনি পাবেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দলগত অংশগ্রহণের মাধ্যমে কাজ করলে সেই কাজ গ্রামে সবাই সমর্থন করবে।

প্রত্যেক ব্যক্তিকে বুঝিয়ে বলুন যে দরিদ্র পরিবারগুলিকে গোষ্ঠীবদ্ধ করে তাদের সক্ষম করার জন্যই সংগঠিত করা হচ্ছে।

## স্বয়ম্ভর গোষ্ঠী ও ব্যাঙ্ক

কয়েক বছর আগে পর্যন্ত ব্যাঙ্কগুলি কেবলমাত্র প্রথাগত ঋণদান ব্যবস্থার মধ্যেই গ্রামের মানুষদের ঋণের পরিষেবা পৌঁছে দিত। সেক্ষেত্রে দেশের বিপুল জনসংখ্যার খুব বেশী সংখ্যক মানুষদের এই পরিষেবার আওতার মধ্যে আনা সম্ভব হয়নি। স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে ঋণদান প্রথাগত ঋণদান ব্যবস্থা থেকে ভিন্ন এক ব্যবস্থা যার মধ্যে দিয়ে গোষ্ঠীকে ঋণদানের মাধ্যমে অনেক মানুষের মধ্যে ব্যাঙ্কের পরিষেবা পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে।

ব্যাঙ্ক ঋণ দেবার আগে নিম্নলিখিত বিষয়গুলি খতিয়ে দেখবেন ঃ

১। গোষ্ঠী তার সংবিধান অনুযায়ী নিয়মিত সভা ডাকছে কিনা।
২। বেশীর ভাগ সদস্য / সদস্যারা সভায় উপস্থিত থাকছে কিনা।
৩। গোষ্ঠীর খাতাপত্র নিয়মিত লেখা হচ্ছে কিনা।
৪। নতুন কর্মসংস্থানের প্রতি সদস্য/সদস্যাদের উদ্যোগ ও সদিচ্ছা কতটা আছে।

## শেয়ার ও অ্যাডমিশন ফি

গোষ্ঠীকে ঋণ দাদনের আগে ব্রাঞ্চ ও এ.আর.ডি.বি. গুলি নমিন্যাল শেয়ার হিসাবে একটি শেয়ার মূল্য ও অ্যাডমিশন ফি গ্রহণ করবে।

ব্যাঙ্ক ও গোষ্ঠীর নেতৃত্বের আন্তরিক প্রচেষ্টায় ঘাটতি না থাকলে দেশের গ্রামীণ অর্থনীতিতে এই গোষ্ঠী ঋণের মাধ্যমে কিছুটা পরিবর্তন আসবে এটা নিশ্চিত।

## স্বয়ম্ভর গোষ্ঠীর ক্ষেত্রে ব্যাঙ্কের-উপযোগীতা

স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যরা সাপ্তাহিক/মাসিক তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় পুঞ্জিভূত করে তহবিল থেকে সুদ সমেত ঋণ নিতে পারেন। যেহেতু সেই তহবিলের পরিমাণ সামান্য এবং তার থেকে নেওয়া ঋণের টাকা দিয়ে কাজ করে বেশীদূর এগোনো সম্ভব নয় সেই ক্ষেত্রেই আসে ব্যাঙ্কের ভূমিকা। ব্যাঙ্কের অর্থ যোগানের ফলে গোষ্ঠীর

সদস্যারা অর্থনৈতিক কাজ কর্মের মধ্যে দিয়ে ধীরে ধীরে অগ্রগতির দিকে যেতে পারে। সেই জন্য ব্যাঙ্কের সঙ্গে গোষ্ঠীর যোগাযোগ অবশ্যই প্রয়োজন।

এছাড়াও ব্যাঙ্ক তার দীর্ঘ অভিজ্ঞতার ভিত্তিতে গোষ্ঠীর সদস্যদের বিভিন্ন অর্থনৈতিক কাজকর্ম সংক্রান্ত সঠিক পরামর্শ দিতে পারে, যা গোষ্ঠীর সদস্যদের উন্নয়নের পথে সহায়ক হবে।

## স্বয়ম্ভর গোষ্ঠী ও সমাজ

ভারতের মতো কৃষি প্রধান দেশে যেখানে দেশের জনসংখ্যার বেশীর মানুষই কৃষি নির্ভর এবং গ্রামে বাস করেন সেখানেই বিভিন্ন কারণে দারিদ্রতার প্রকটতা খুব বেশী। সেই দরিদ্রতম শ্রেণীর বিশেষতঃ বহু অসহায় মেয়েদের কর্ম সংস্থানে এই অপ্রথাগত ঋণ দান ব্যবস্থা বিশেষ কার্যকরী ভূমিকা গ্রহণ করেছে।

এই অর্থকরী কর্ম সংস্থানের ব্যবস্থা করা ছাড়াও স্বয়ম্ভর গোষ্ঠী বিভিন্ন সামাজিক কাজ কর্মের উদ্যোগও নিয়ে থাকে। তারই মধ্যে বিশেষ কয়েকটি সামাজিক কাজ নীচে বর্ণনা করা হলো।

### গোষ্ঠীর সামাজিক উদ্যোগ

১। সচেতনতার প্রসার
২। শিক্ষার ব্যবস্থা করা
৩। চিকিৎসার ব্যবস্থা করা
৪। মাদক ব্যবহার প্রতিরোধ করা
৫। পরিবেশ সচেতনতা

### সচেতনতার প্রসার

গোষ্ঠী তার মূল কাজের পাশাপাশি এলাকার দরিদ্র মানুষদের বিভিন্ন ক্ষেত্রে সচেতন তোলার প্রয়াস নিতে পারে, যেমন, কুসংস্কারের বিরুদ্ধে, লেখাপড়া শেখার সপক্ষে, পরিস্কার পরিচ্ছন্ন জীবন যাপনের সপক্ষে, শিশু শ্রমের বিরুদ্ধে, পণ প্রথার বিরুদ্ধে, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার সপক্ষে ইত্যাদি।

### শিক্ষার ব্যবস্থা করা

গোষ্ঠীর সদস্য/সদস্যাগণ তাদের পরিবারের শিশুদের যেমন লেখাপড়া শেখার ব্যবস্থা করবেন তেমনি প্রতিবেশীদের শিশুদের লেখাপড়া শেখার জন্য উৎসাহ দেবেন। এছাড়াও তাঁরা এলাকার সাক্ষরতাহীন বয়স্কদের শিক্ষাদানের জন্য বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপন করার প্রয়াস নেবেন।



### চিকিৎসার ব্যবস্থা

গোষ্ঠীর কোন সদস্য/সদস্যা বা তাদের পরিবারের কোন সদস্য হঠাৎ গুরুতর অসুস্থ পড়লে যৌথভাবে তার চিকিৎসার ব্যবস্থা করতে পারে এবং প্রয়োজনে গোষ্ঠী ঋণ হিসাবে সেই চিকিৎসার খরচের যোগান দেবে।

এছাড়াও, গোষ্ঠীকে তার সদস্য/সদস্যাদের পরিবারের শিশুদের নিয়মিত প্রয়োজনীয় টিকা করণ যাতে হয় সেদিকে সচেষ্ট হবে। এই বিষয়গুলি গোষ্ঠীর মিটিং আলোচনার বিষয় হিসেবে যেন নিয়মিত উল্লেখিত হয়।

### মাদক ব্যবহার প্রতিরোধ করা

এটা প্রত্যক্ষ করা গেছে যে মাদক সেবনের কুফলের সচেতনতার অভাবের জন্য বহু মানুষ নেশার কবলে পড়েন এবং অকালে প্রাণ দেন। স্বয়ম্ভর গোষ্ঠী মাদক সেবনের বিরুদ্ধে প্রচার চালাতে পারে এবং এলাকার মানুষদের মাদক সেবন থেকে দূরে থাকার মানসিকতা গড়ে তুলতে পারে।

এ ছাড়াও গোষ্ঠী অন্যান্য সামাজিক অনুষ্ঠান সুষ্ঠুভাবে করার জন্য যৌথ প্রয়াস নিতে পারে।

### পরিবেশ সচেতনতা

গোষ্ঠীর সদস্যরা নিজ নিজ এলাকায় বৃক্ষরোপন করতে পারেন এবং এই কাজে অন্যান্যদের উৎসাহ দিতে পারেন। গাছ চুরি ও অকারণে গাছ কাটা বন্ধে উদ্যোগ নিতে পাবেন। এলাকায় বিভিন্নভাবে যে জলের অপচয় হয়, তা বন্ধে মানুষকে সচেতন করতে পারেন।

## স্বয়ম্ভর গোষ্ঠী পরিচালন পদ্ধতি

১। সংশ্লিষ্ট ব্যাঙ্কের কর্মক্ষেত্রের মধ্যেই বসবাসকারী ব্যক্তিদের নিয়ে দলগঠন করতে হবে।
২। সর্বনিম্ন সংখ্যা পাঁচ এবং সর্ববৃহৎ সংখ্যা কুড়ি (সদস্য সংখ্যা)
৩। ভৌগলিক ও প্রশাসনিক কারণে একই স্থানে বসবাসকারী ব্যক্তিগণ দল গঠন করবে।
৪। সাধারণতঃ অর্থনৈতিক ভাবে দুর্বল জনগোষ্ঠীর মধ্যে থেকেই ব্যক্তি নির্বাচন করতে হবে যাঁদের সামাজিক প্রেক্ষাপটে একই রকম।
৫। দলের যাবতীয় কাজকর্ম পরিচালনার জন্য দলের নিজেদের মধ্যে মিটিং করে একজনকে দলনেত্রী/দলনেতা নির্বাচন করবে।

৬। দলটি গণতান্ত্রিক নিয়মে পরিচালিত হবে যেখানে প্রত্যেক ব্যক্তির বক্তব্য থাকবে দল পরিচালনার কাজে এবং এই বক্তব্য রাখার জন্য দলনেতা/দলনেত্রী প্রত্যেক মাসে মিটিং ডাকবেন যেখানে দলের কাজকর্ম পর্যালোচনা এবং হিসাব পরীক্ষা করা হবে।

৭। প্রত্যেক সদস্য স্বল্প অর্থ নিয়মিত দলবদ্ধভাবে সঞ্চয় করবেন এবং এইভাবে দলের একটি তহবিল গঠিত হবে।

৮। সবার (সদস্যদের) আর্থিক উন্নতির উদ্দেশ্যেই দলের কাজকর্ম নির্ধারিত হবে।

৯। দল অবশ্যই নির্দিষ্ট হিসাব এবং সেই সংক্রান্ত খাতাপত্র রাখবে। এই হিসাব দলের প্রতিটা মিটিং এ দেখাতে হবে।

১০। সদস্যদের কাছ থেকে আদায়কৃত অর্থ সঞ্চয় আমানত হিসাবে সংশ্লিষ্ট ব্যাঙ্কে দলের নামে জমা থাকবে।

১১। উৎপাদন/পরিষেবা/প্রতিপালন ইত্যাদি বিষয় ছাড়া সাধারণতঃ অন্য কোন বিষয়ে ঋণ দেওয়া যাবে না।

১২। ঋণের পরিমাণ সঞ্চিত অর্থের চর্তুগুণের বেশি কখনোই হবে না।

১৩। ঋণ পরিশোধের ক্ষেত্রে দলের সদস্যগণ সংযুক্ত ভাবে দায়বদ্ধ থাকবে।

১৪। কোন ব্যক্তি একই উদ্দেশ্যে অন্য কোন ব্যাঙ্ক/আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ পেলে তাদেরকে দলের সদস্যভুক্ত করা যাবে না।

১৫। গোষ্ঠীর সদস্যদের কোন বয়সসীমা নেই।

১৬। গোষ্ঠী নিবন্ধিকৃত (Registration) করার কোন প্রয়োজন নেই।

১৭। গোষ্ঠীর সদস্যরা নিজেদের মধ্যে থেকে তিনজন প্রতিনিধি মনোনীত/নির্বাচিত করবেন, যথা দলনেতা/দলনেত্রী, সহদলনেতা/নেত্রী ও কোষাধক্ষ্য/কোষাধক্ষ্যা।

১৮। ব্যাঙ্ক যদি গোষ্ঠীর কাজকর্মের প্রতি সন্তুষ্ট হয় একমাত্র সেক্ষেত্রেই ব্যাঙ্ক গোষ্ঠীকে ঋণ দেবে।

১৯। গোষ্ঠী তার গৃহীত ঋণ পরিশোধ করবে নির্ধারিত কিস্তি অনুযায়ী ১থেকে ৫ বছরে।

২০। সব সদস্যের সঞ্চয়ের পরিমাণ একই হবে।

২১। সময়মতো ঋণ পরিশোধ না করা (ডিফল্টার) সদস্যকে ব্যাঙ্ক ঋণ দেওয়া হবে না। কোন সদস্য সময়মতো ঋণ পরিশোধ না করলে গোষ্ঠীর সকলে তার কাছ থেকে ঋণ আদায়ের চেষ্টা চালাবে।



২২। গোষ্ঠীর দৈনন্দিন অবস্থা যাতে সহজে বোঝা যায় এর জন্য সদস্য/সদস্যাদের সভার কার্য্যবিবরণী একটি খাতায় লিখতে হবে। এই খাতাকে বলা হয় "মিনিট বুক"। মিটিং-এর দিন, সময়, স্থান ও উপস্থিত সদস্যদের নাম (সাক্ষর সমেত) এবং মিটিং এর আলোচনার বিষয়বস্তু এই খাতায় লেখা হয়। গোষ্ঠীর নামে ব্যাঙ্কে এ্যাকাউন্ট খুলতে গেলে বা গোষ্ঠীর নামে লোন নিতে গেলে মিটিং করে সিদ্ধান্ত নিতে হবে এবং এই "মিনিট বুক"-এ লিখতে হবে। সেই সেই দিনের মিটিং এর আলোচনা মিনিট বুকে লিপিবদ্ধ করে তার প্রতিলিপি ব্যাঙ্কে জমা দিতে হবে।

২৩। সদস্যরা কে কত টাকা ঋণ নেবেন, ও কি কাজে ব্যবহার করবেন তা উল্লেখ করে নিজ নিজ আবেদনপত্র গোষ্ঠীতে জমা দেবেন। সদস্যদের আবেদন অনুযায়ী গোষ্ঠী ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে সদস্যদের মধ্যে বিলি করবে।

২৪। গোষ্ঠী সদস্যদের কাছ থেকে মাসিক/সাপ্তাহিক ঋণের কিস্তির টাকা আদায় করে ব্যাঙ্কে পরিশোধ করবে।

২৫। গোষ্ঠীকে ব্যাঙ্কের দেওয়া ঋণের সুদের হার ব্যাঙ্কই ঠিক করবে। কিন্তু গোষ্ঠী সদস্যদের যে ঋণ দেবে তার সুদের হার গোষ্ঠী তার মিটিং করে সর্বসম্মতিক্রমে নির্দ্ধারণ করবে। তবে সদস্যদের কাছ থেকে গোষ্ঠীর নেওয়া সুদের হার কোনভাবেই শতকরা বাৎসরিক ২৪ টাকা বা মাসিক ২ টাকার বেশী হবেনা। এই সুদের পার্থক্য থেকে গোষ্ঠীর কিছু আয় হবে এবং গোষ্ঠীর নিজস্ব তহবিল বাড়বে।

২৬। গোষ্ঠীর সদস্য/সদস্যাগণ "ইনটার সে এগ্রিমেন্ট" নামে একটি চুক্তিপত্র সাক্ষর করবেন। যে চুক্তি পত্রে সদস্য/সদস্যারা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত দলনেতা/দলনেত্রী, সহদলনেতা/সহদলনেত্রী ও কোষাধক্ষ/কোষাধক্ষদের গোষ্ঠীর বিভিন্ন কাজকর্ম করার জন্য ও ব্যাঙ্কের সঙ্গে লেন দেন করার অধিকার প্রদান করবেন। গোষ্ঠী গঠনের পরবর্তী পর্যায়ে এই চুক্তিপত্র সম্পাদন করবেন।

২৭। গোষ্ঠীর মধ্যে কারও কোন বিশেষ অধিকার বা সুযোগ থাকবে না।

**স্বয়ম্ভর গোষ্ঠীর পরিচালনায় সতর্কতা ঃ**

★ গোষ্ঠীর সদস্য/সদস্যারা কখনোই কোন বির্তকিত বা অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে তাদের মিটিং-এ আলোচনায় রত হবেন না।

★ গোষ্ঠীর সদস্যা/সদস্যগণ কোন রাজনৈতিক আলোচনা বা মতামত মিটিং-

এ রাখবেন না।

★ গোষ্ঠীর সদস্যা/সদস্যগণ কোন ধর্মীয় আলোচনা তাঁদের মিটিং-এ করবেন না।

★ কোন ব্যক্তিগত আক্রমণ থেকে বিরত থেকে পারস্পরিক সহযোগিতার হাত বাড়িয়ে দেবার জন্যই গোষ্ঠীর সদস্য/সদস্যরা একত্রিত হবেন। এখানে গোষ্ঠীর কাজের মান উন্নয়ন, উপার্জন বৃদ্ধির প্রতি নজর দিতে হবে।

★ প্রত্যেক সয়ম্ভর গোষ্ঠীর সদস্য/সদস্যারা তাদের গোষ্ঠীর উন্নয়নের কথা ভাববেন ও তার জন্য কাজ করবেন। গোষ্ঠীর উৎপাদিত দ্রব্য যদি উপযুক্ত মার্কেটিং পদ্ধতির মাধ্যমে প্রচার লাভ করে তাহলে তার মুনাফা থেকে সমগ্র দলের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। সেই সঙ্গে খেয়াল রাখতে হবে যাতে উৎপাদিত দ্রব্যের গুণাগুণ/গুণগত মান (Quality) যেন সর্বদা বজায় থাকে। এছাড়া উৎপাদিত দ্রব্যের তালিকায় কখনোই কোন নেশার বস্তু বা মাদকদ্রব্য থাকবে না যা সামাজিক অবক্ষয় ডেকে আনবে।

**স্বয়ম্ভর গোষ্ঠীর আর্থিক লেনদেনের হিসাব রাখা ও তৎসংক্রান্ত খাতাপত্র**

গোষ্ঠী একটি আর্থিক লেনদেনের ক্ষেত্র সেই জন্য লেনদেন সংক্রান্ত সমস্ত জমা ও খরচের হিসাব রাখার ব্যাপারে নিজেরা পারলে ভালো না পারলে এলাকায় কোন শিক্ষিত/উৎসাহী ব্যক্তির সাহায্য নেওয়া যেতে পারে।

গোষ্ঠীর কাজকর্ম চালাতে যে যে খাতা পত্র প্রয়োজন সেগুলি নীচে দেওয়া হলো।

১। সভার কার্য্যবিবরণী খাতা

২। সঞ্চয় খতিয়ান — সদস্য/সদস্যাদের ব্যক্তিগত সঞ্চয় ও দলের যৌথ সঞ্চয় এই খাতায় লেখা হয়।

৩। ঋণের খতিয়ান — সদস্য/সদস্যাদের ব্যক্তিগত ঋণগ্রহণ, ঋণ পরিশোধ, সুদ আদায় ইত্যাদির বিশদ হিসাব এই খাতায় লেখা হয়।

৪। ক্যাশ বই/নগদ বহি — এই বইয়ে জমা খরচের সংক্ষিপ্তসার লেখা হয়।

৫। সদস্যের পাশ বই — সদস্য/সদস্যাদের তাদের নিজ নিজ সঞ্চয়ের প্রেক্ষীতে তাদের নামে নামে সঞ্চয় পাশ বই দিতে হবে।

উপরিউক্ত খাতাপত্রের একটি করে প্রতিলিপি এই পুস্তিকাতে সংযোজন করা হলো।



**স্বয়ম্ভর গোষ্ঠীর কাজের মূল্যায়ন**

নিম্নলিখিত মাপকাঠি গোষ্ঠীর কাজ কর্মের মূল্যায়নে সাহায্য করবে।

| ক্রমিক নং | মাপক্যাচ | খুব ভলো | ভালো | সন্তোষজনক নয় |
|---|---|---|---|---|
| ১ | গোষ্ঠীর আকার | ৮-১০ | ৫-৮ | ৫-এর কম |
| ২ | সদস্যের আর্থিক অবস্থা | সবাই খুব গরীব | ২-৩ জন খুব গরীব নয় | বেশীর ভাগ গরীব নয় |
| ৩ | মিটিং-এর সংখ্যা | মাসে ৪টি | মাসে ২টি | মাসে ২টির কম |
| ৪ | মিটিং-এর সময় | রাত্রে বা সন্ধ্যা ৬টার পরে | সকাল ৭টা থেকে ৯টার মধ্যে | অন্য সময় |
| ৫ | মিটিং এ উপস্থি | ৯০% এর বেশী | ৭০% থেকে ৯০% | ৭০% এর কম |
| ৬ | মিটিং এ অংশগ্রহণ | সবাই অংশগ্রহণ করে | কিছু কিছু সদস্য অংশগ্রহণ করে | খুব কম সদস্য অংশগ্রহণ করে |
| ৭ | সঞ্চয় সংগ্রহ | মাসে ৪ বার | মাসে ৩ বার | মাসে ৩ বারেরও কম |
| ৮ | সঞ্চয়ের পরিমাণ | নির্দ্দিষ্ট পরিমাণ | অনির্দিষ্ট পরিমাণ | — |
| ৯ | সঞ্চিত মূলধনের ব্যবহার | আভ্যন্তরীন ঋণে সম্পূর্ণ ব্যবহৃত | ঋণে আংশিক ব্যবহৃত | খুব কম ব্যবহৃত |
| ১০ | ঋণ আদায় | ৯০% এর বেশী | ৭০% থেকে ৯০% | ৭০% এর কম |
| ১১ | হিসাব নিকাশ রাখা | সমস্ত খাতাপত্র নিয়মিত লেখা হয়। | খুব দরকারী যেমন সঞ্চয় খাতা মিটিং বই লেখা হয় | হিসাব নিকাশ রাখা অনিয়মিত। |
| ১২ | সঞ্চিত মূলধন | ৫০০০ টাকার বেশী | ৩০০০ থেকে ৫০০০ টাঃ | ৩০০০ টাকার কম |
| ১৩ | গোষ্ঠীর নিয়মকানুন সম্বন্ধে | সবাই জানে | বেশী ভাগ সদস্য জানে | অনেকেই জানে না |
| ১৪ | শিক্ষাগত যোগ্যতা | ৩০% এর বেশী সদস্য পারে পড়তে ও লিখতে পারে | ২০% থেকে ৩০% সদস্য পড়তে ও লিখতে পারে | ২০% এর কম সদস্য পড়তে ও লিখতে পারে |

## LETTER OF ACCEPTANCE

Date -------------------- 2008

From

____________________

____________________

____________________

To

The Chief Executive Officer/C.A.O./Dist Manager,

____________________ Co-operative Bank Ltd.

Dear Sir,

We beg to acknowledge receipt of your letter No. _________ Date ________________ Communicating to us that a Loan for Rs. _______________ is sanctioned to this Group, ..................................... The conditions stipulated in the letter of sanction communicated to us are accepted and we agree to abide by these conditions till all the dues repaid by this Group to your Bank.

*Yours faithfully,*

For & on behalf of

SEAL ____________________ Group

____________________

Dalo Netri/Neta

____________________

Saha Dalo Netri/Neta



## ON DEMAND PAYMENT NOTE

Date ------------------

On Demand ____________________ Group promise to pay to ________ Co-operative Agriculture & Rural Development Bank Ltd., the sum of Rs. __________________ (Rupees ____________________ only) for value received, with interest there on at the rate of ___________ percent per annum.

Rs. ____________________

For and on helf of

__________________ group

Koshadhakshya  Saha Dalo Netri/Neta  Dolo netri/Neta

**COMMON SEAL**

Name and address of the Self Help Group :

Name of the Leader of the Group :

Name of the second Leader of the Group :

Date :

Date of Formation :

Mode of contact (Contact No. (if any)

## Self Help Group's Register Book :

| Sl. No. | Name | Husband / Parent's Name | Age | Address | Name of Nominee | Relation with Nominee | Whether SC/ST | Qualification | Signature |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

## স্বয়ম্ভর গোষ্ঠীর ঋণ গ্রহণের তমসুক

............................ স্বয়ম্ভর গোষ্ঠী ..................................................

ব্যাঙ্কের নামিক সদস্য হিসাবে গোষ্ঠীর পক্ষ্যে শ্রীমতি / শ্রী .................... গোষ্ঠী নেত্রী / নেতা এবং শ্রীমতি/শ্রী ........................ গোষ্ঠী সহনেতা/সহনেত্রী গ্রাম ........................ পো ঃ ...................... থানা ................. জেলা ..............................উপরোক্ত ব্যাঙ্ক হইতে উহার উপবিধি অনুসারে অদ্য /বস্তু বাবদ (টাকায়)

............................ কোথায় ..................... টাকা ঋণ লইলাম। স্বয়ম্ভর গোষ্ঠীর পক্ষ হইতে আমরা অঙ্গীকার করিতেছি যে, উপরোক্ত ঋণের টাকা /বস্তু বাবদ আজই গোষ্ঠী সদস্য মধ্যে বিলি করিব। যদি কোন টাকা বিলি দাদন করা না হয় উক্ত টাকা / বস্তু উক্ত সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে ফেরৎ দিতে বাধ্য থাকিব।

অদ্য তারিখ হইতে এই ঋণের টাকার উপর বাৎসরিক শতকরা .............. টাকা ................ পয়সা ও খেলাপী হইলে .................. টাকা ............ পয়সা হারে সুদ দিতে এবং নিম্নলিখিত কিস্তি অনুসারে উক্ত টাকা সুদ সমেত পরিশোধ করিতে আমাদের স্বয়ম্ভর গোষ্ঠী বাধ্য রহিল।

| কিস্তির তারিখ | কিস্তির পরিমাণ | আসল<br>আদায় কালতক সুদ |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

(মাসিক কিস্তি হইলে প্রতি মাসে কিস্তির পরিমাণ আসল ........................ সুদ ...................... এবং ................... কিস্তিতে পরিশোধ করিব।)

আমরা গোষ্ঠীর পক্ষে আরও আঙ্গীকার করিতেছি যে, যদি কোন গোষ্ঠী সদস্য ঋণের কিস্তির টাকা পরিশোধ না করে, উক্ত কিস্তির টাকা পরিশোধ করিতে গোষ্ঠীর অন্যান্য সদস্য বাধ্য থাকিবে।

উপরোক্ত সর্তে সমস্ত টাকা বুঝিয়া পাইয়া .................... স্বয়ম্ভর গোষ্ঠীর পক্ষে গোষ্ঠী নেত্রী / নেতা এবং সহনেত্রী / নেতা এই খত লিখিয়া দিলাম।

ইতি

তারিখ — স্বয়ম্ভর গোষ্ঠীর পক্ষে

গোষ্ঠী নেত্রী / নেতা ............................ সহনেত্রী / নেতা ............................





## স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যদের/সদস্যাদের সম্পাদিত Inter-Se-Agreement

এই চুক্তিপত্র অদ্য ........................................ সাল .......................... স্বয়ম্ভর গোষ্ঠীর নিম্নলিখিত সদস্যদের/সদস্যাদের মধ্যে সম্পাদিত হইল।

১। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

২। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৩। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৪। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৫। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৬। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৭। শ্রী/শ্রীমতি/কুমারী ...................................... পিতা/স্বামী ................................
.................................................................................. বয়স ............................ বৎসর
বাসস্থান ..................................................................................................................

৮। শ্রী/শ্রীমতি/কুমারী .................................... পিতা/স্বামী ....................................

.................................................................... বয়স ........................... বৎসর

বাসস্থান ....................................................................................................

৯। শ্রী/শ্রীমতি/কুমারী .................................... পিতা/স্বামী ....................................

.................................................................... বয়স ........................... বৎসর

বাসস্থান ....................................................................................................

১০। শ্রী/শ্রীমতি/কুমারী .................................... পিতা/স্বামী ....................................

.................................................................... বয়স ........................... বৎসর

বাসস্থান ....................................................................................................

১১। শ্রী/শ্রীমতি/কুমারী .................................... পিতা/স্বামী ....................................

.................................................................... বয়স ........................... বৎসর

বাসস্থান ....................................................................................................

১২। শ্রী/শ্রীমতি/কুমারী .................................... পিতা/স্বামী ....................................

.................................................................... বয়স ........................... বৎসর

বাসস্থান ....................................................................................................

অতঃপর উক্ত সদস্যগণ/সদস্যাগণ দলগতভাবে স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্য হিসাবে বিবেচিত হইবেন। তাঁহাদের মধ্যে কোন বিরোধ থাকিবে না এবং তাঁহাদের সকল উত্তরাধিকারীগণ, তত্ত্বাবধায়ক এবং প্রশাসকগণ এইরূপ বিবেচনার আওতায় আসিবেন।

যেহেতু স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ/সদস্যাগণ ........................................ গ্রাম ও ডাকঘর ........................................ থানা ..................... জেলা ............ রাজ্যের বাসিন্দা এবং প্রত্যেকেই পরস্পরের পরিচিত।

যেহেতু উপরোক্ত নামের স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ স্বতঃপ্রণোদিত হয়ে সঞ্চয়, ঋণগ্রহণ এবং বিভিন্ন অর্থনৈতিক কর্মসূচীর মাধ্যমে পারস্পরিক স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করিয়াছেন।

১। স্বয়ম্ভর গোষ্ঠীর প্রত্যেক সদস্য/সদস্যা ........................................ টাকা অথবা দলের নির্ধারিত ............................ টাকা প্রতি সপ্তাহের/পক্ষের/মাসের সঞ্চয় হিসাবে দলের দায়িত্বপ্রাপ্ত সদস্যের/সদস্যার কাছে জমা রাখিবেন।

২। প্রত্যেক সদস্য/সদস্যা গোষ্ঠীকে সফল করার উদ্যোগ নেবেন এবং স্বয়ম্ভর গোষ্ঠীর



স্বার্থের পরিপন্থী কোন কাজে লিপ্ত হইবেন না।

৩। স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ/সদস্যাগণ যৌথভাবে এবং ব্যক্তিগতভাবে দলের গৃহীত সমস্ত ঋণের জন্য দায়ী থাকিবেন।

৪। গোষ্ঠীর সদস্যগণ/সদস্যাগণ স্বয়ম্ভর গোষ্ঠীর মালিকানায় থাকা সমস্ত সম্পদ এবং দ্রব্যাদির যৌথ মালিক হইবেন। এই সম্পদ ও দ্রব্যাদি দলের দায়িত্ব প্রাপ্ত কোনও সদস্যের/সদস্যার হেপাজতে দলের নির্দিষ্ট স্থানে অর্থাৎ .............................. গ্রাম ও ডাকঘর .............................. সুরক্ষিত থাকিবে এবং বিনা অনুমতিতে এইস্থান পরিবর্তন করা চলিবে না।

৫। স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ সদস্যাগণ শ্রী/শ্রীমতি/কুমারী ........................................ (পদ) ........................

শ্রী/শ্রীমতি.কুমারী ........................................ (পদ) ........................

শ্রী/শ্রীমতি.কুমারী ........................................ (পদ) ........................

হিসাবে নির্বাচিত করিয়াছেন এবং তাঁহারা গোষ্ঠীর পক্ষে দৈনন্দিন কাজকর্ম পরিচালনা করিবেন। এই নির্বাচিত সদস্যগণ/সদস্যাগণ গোষ্ঠীর সংখ্যা গরিষ্ঠের ভোটে অপসারিত হইবেন এবং নতুন প্রতিনিধি নির্বাচিত হইবেন।

৬। স্বয়ম্ভর গোষ্ঠীর প্রত্যেক সদস্য/সদস্যা এই মর্মে অঙ্গীকারবদ্ধ হইতেছেন যে স্বীকৃত প্রতিনিধিরা স্বয়ম্ভর গোষ্ঠীর স্বার্থে যে সমস্ত কার্য সম্পাদন করিবেন তাহার অনুমোদন দিতে অথবা তাহার দায়িত্ব গ্রহণ করিতে বাধ্য থাকিবেন।

৭। নির্বাচিত প্রতিনিধিরা গোষ্ঠীর দৈনন্দিন কাজকর্মের সিদ্ধান্ত গ্রহণ এবং তাহার তত্ত্বাবধান করিবেন। তাঁহারা সদস্যদের/সদস্যাদের দেওয়া ঋণ পরিশোধের টাকা ব্যাঙ্কে গোষ্ঠীর ঋণ খতিয়ানে জমা করিবেন।

৮। স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ/সদস্যাগণ নির্দিষ্টভাবে প্রতিনিধিদের অধিকার দিবেন ঃ-

ক) নিম্নলিখিত দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিগণের মধ্যে যে কোন ২ জন গোষ্ঠীর পক্ষে ব্যাঙ্কে সেভিংস, মেয়াদী আমানত এবং অন্যান্য প্রকল্পে টাকা জমা এবং লেনদেন করিবেন।

শ্রী/শ্রীমতি/কুমারী ....................................................

শ্রী/শ্রীমতি/কুমারী ....................................................

শ্রী/শ্রীমতি/কুমারী ....................................................

খ) প্রতিনিধিগণ গোষ্ঠীর পক্ষে সঞ্চয় ঋণদান, ঋণ আদায় ইত্যাদির বিশদ হিসাব রাখিবেন এবং বৎসরান্তে ইহার পূর্ণ বিবরণ গোষ্ঠীর সমস্ত সদস্যদের/সদস্যাদের নিকট নিরীক্ষক অনুমোদনের এবং গ্রহণের জন্য পেশ করিবেন।

গ) স্বয়ম্ভর গোষ্ঠীর পক্ষে এই নির্বাচিত প্রতিনিধিরা গোষ্ঠীর যাবতীয় পাওনা গ্রহণ করিতে এবং গ্রহণ করিয়া যথাযথ রসিদ দিতে অথবা প্রাপ্তি স্বীকার করিতে পারিবেন।

৯। এই চুক্তি অনুসারে কোন সদস্যের/সদস্যার মৃত্যু হইলে তাঁহার উত্তরাধিকারীগণ সমস্ত প্রাপ্য পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং তাঁহার দেনার জন্য অনুরূপ ভাবে দায়ী থাকিবেন।

১০। ইহা স্বীকৃত সত্য যে স্বয়ম্ভর গোষ্ঠীর বর্তমান সদস্যগণের/সদস্যাগণের অনুমতি ছাড়া কোন নতুন সদস্য গ্রহণ করা যাইবে না।

আমরা ........................................ স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্যগণ/সদস্যাগণ এই চুক্তিপত্রে স্বেচ্ছায় অদ্য ........................................ স্থানে ........................................ স্বাক্ষর করিলাম।

| গোষ্ঠীর সদস্যের/সদস্যার নাম | স্বাক্ষর/টিপসই |
|---|---|
| ১। ........................ | ........................ |
| ২। ........................ | ........................ |
| ৩। ........................ | ........................ |
| ৪। ........................ | ........................ |
| ৫। ........................ | ........................ |
| ৬। ........................ | ........................ |
| ৭। ........................ | ........................ |
| ৮। ........................ | ........................ |
| ৯। ........................ | ........................ |
| ১০। ........................ | ........................ |
| ১১। ........................ | ........................ |
| ১২। ........................ | ........................ |

সাক্ষী

১। ........................ ........................

২। ........................ ........................



## (রসিদ বই এর মডেল)

রসিদ নং ঃ তারিখ ঃ

সদস্য/সদস্যার নাম ........................................

সয়ম্ভর গোষ্ঠীর নাম ........................................

সমবায় ব্যাঙ্কের নাম ........................................

| *বিবরণ* | *পরিমাণ* |
|---|---|
| মাসিক জমা | |
| ঋণ শোধ ঃ- | |
| ক) আসল | |
| খ) সুদ | |
| অন্যান্য /বিবিধ | |
| মোট — | |

(কথায় ........................................)

জমা দাতার স্বাক্ষর আদায়কারীর স্বাক্ষর

(Return to be submitted to the WBSCARD Bank Ltd.)

**.................................... Agriculture and Rural Development Bank Ltd.**

SHG Return for the Month of ............................

| Name of Group | No of Member | No of Women | S.C | S.T | Date of EST. |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

Manager/Asstt.Manager



| Deposit Position | | | Loan issue | | Loan Outstanding | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| A/C. No. | LF | Amount | During the month | Progres-sive Issue | Current | | OD | |
| | | | | | LF | Amount | LF | Amount |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

CEO/CAO/Dist. Manager

# ঋণ আবেদন তালিকা

........................... সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক

গোষ্ঠীর নাম ঃ ——————————

ঠিকানা —————————— গোষ্ঠী নং ——————

গোষ্ঠীর মোট আমানত ঃ —————— টাকা —————— তারিখ পর্যন্ত ——————

বকেয়া ঋণ —————— টাকা —————— তারিখ পর্যন্ত ——————

গোষ্ঠীর সদস্য সংখ্যা ——————

গোষ্ঠী গঠনের তারিখ ——————

এর মধ্যে মহিলা সদস্য সংখ্যা ——————

তপশীল জাতি ও উপজাতির সংখ্যা ——————

| ক্রমিক নং | সভ্যের নাম | পিতা/স্বামী | ঠিকানা |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| ৫ | | | |
| ৬ | | | |
| ৭ | | | |
| ৮ | | | |
| ৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| | | | মোট |

| সভ্যের দেয় আমানত | আবেদনের পরিমাণ | কর্জের উদ্দেশ্য | পরিশোধের বিবরণ | স্বাক্ষর/টিপসহি | গোষ্ঠীর মঞ্জুরী |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

ব্যাঙ্কের পরিচালকমণ্ডলীর ——————

তারিখের সভায় মোট —————— টাকা ( ——————

গোষ্ঠীর প্রধানদ্বয়ের স্বাক্ষর

—————— ) মাত্র মঞ্জুর করা হইল।

দলনেত্রী সহঃদলনেত্রী সুপারভাইজার

ম্যানেজার মুখ্যনির্বাহী আধিকারীক/সি.এ.ও./ডিস্ট্রিক্ট ম্যানেজার

## মডেল

# সভার কার্যবিবরণী বহি

সমবায় ব্যাঙ্কের নাম ..................................................

ঠিকানা ..................................................

স্বয়ম্ভর গোষ্ঠীর নাম ..................................................

ঠিকানা ..................................................

সভার স্থান - সভার তারিখ -

সময় —

| উপস্থিতির নাম | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|
| ১। | ১। |
| ২। | ২। |
| ৩। | ৩। |
| ৪। | ৪। |
| ৫। | ৫। |
| ৬। | ৬। |
| ৭। | ৭। |
| ৮। | ৮। |
| ৯। | ৯। |
| ১০। | ১০। |
| ১১। | ১১। |
| ১২। | ১২। |
| ১৩। | ১৩। |
| ১৪। | ১৪। |
| ১৫। | ১৫। |
| ১৬। | ১৬। |



## স্বয়ম্ভর গোষ্ঠী গঠনের সভার সিদ্ধান্ত

আজকের সভা সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য শ্রী/শ্রীমতি .................................................. কে সভার সভানেত্রী/সভাপতি নির্বাচন করা হল।

আজকের সভার নিম্নলিখিত মহিলা/পুরুষদের নিয়ে আলোচনা সাপেক্ষে সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হল যে, নিম্নলিখিত সদস্যদের নিয়ে একটি স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করা হোক।

এই গোষ্ঠীর নামকরণ করা হোক .......................................... স্বয়ম্ভর গোষ্ঠী

এই গোষ্ঠী শ্রীমতি/শ্রী .................................................. কে দলনেতা/দলনেত্রী

ও শ্রীমতি/শ্রী .................................................. কে সহ দলনেতা/দলনেত্রী সর্ব্বসম্মতিক্রমে নির্বাচিত করিল।

আরও সিদ্ধান্ত গৃহীত হল যে চলতি মাস থেকে শুরু করে গোষ্ঠীর প্রতিটি সদস্য/সদস্যাকে প্রতি মাস টাঃ .................................. (টাকা ........................ মাত্র) করে গোষ্ঠীর সঞ্চয়ী আমানত হিসাবে জমা দিতে হবে। এই আমানতের টাকা গোষ্ঠী নেত্রী/নেতার কাছে প্রতি মাসের ...................................... তারিখ সভার দিনে প্রত্যেক সদস্যা/সদস্যকে জমা দিতে হবে।

গোষ্ঠীর পক্ষে এই আমানতের টাকা জমা রাখার জন্য ................................ সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে এ গোষ্ঠীর নামে একটি সঞ্চয়ী আমানত খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হল। উক্ত সঞ্চয়ী আমানত থেকে টাকা আদান প্রদান করার জন্য গোষ্ঠীর পক্ষে গোষ্ঠীর নেত্রী/ নেতা শ্রী/শ্রীমতী .................................... এবং শ্রী/শ্রীমতী .................................................. সহনেত্রী/সহনেতাকে যুগ্মভাবে দায়িত্ব দেওয়া হল। প্রতি মাসে গোষ্ঠীর আমানত আদায়ের টাকা উক্ত সঞ্চয়ী আমানতে ঐ সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে জমা দেওয়া হবে, এই সিদ্ধান্ত গৃহীত হল।

আরও সিদ্ধান্ত হল যে গোষ্ঠীর কোন সদস্য/সদস্যার ঋণের প্রয়োজন হলে গোষ্ঠীর বয়স ৬ মাস অতিক্রান্ত হবার পর গোষ্ঠী মোট আমানত জমার সর্বোচ্চ ৪ (চার) গুণ পর্যন্ত সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে থেকে ঋণ করে গোষ্ঠী সদস্যা/সদস্যদের ঋণ দিতে পারবে। সভার এই সিদ্ধান্ত ও গৃহীত হল যে এই গোষ্ঠী প্রতিমাসে কমপক্ষে ২ বার করে সব সদস্যা/সদস্যদের নিয়ে সভার আয়োজন করবে। এরপর সভানেত্রীকে/সভাপতিকে ধন্যবাদ দিয়ে আজকের সভা সমাপ্ত করা হল।

সভানেত্রী/সভাপতি

## মডেল

# সভার সিদ্ধান্ত

ব্যাঙ্কের নাম ........................................................................................................

স্বয়ম্ভর গোষ্ঠীর নাম ..............................................................................................

সভার সিদ্ধান্ত

সভার স্থান                                                    সময়

সভার তারিখ

উপস্থিত সদস্য/সদস্যাগণের স্বাক্ষর

| | |
|---|---|
| ১। | ৭। |
| ২। | ৮। |
| ৩। | ৯। |
| ৪। | ১০। |
| ৫। | ১১। |
| ৬। | ১২। |

আজকের সভাপতিত্ব করেন শ্রী/শ্রীমতী

আলোচ্য সূচী ১। গত                    তারিখের সভার কার্য্য বিবরণী পাঠ করা হল ও তা অনুমোদন করা হল।

আলোচ্য সূচী ২। আমানত সংগ্রহ -

অত্র গোষ্ঠীর                    জনসদস্যের মধ্যে তাদের নির্দিষ্ট আমানতের টাকা আজ জমা দিয়েছে। আজ পর্যন্ত গোষ্ঠীর মোট জমার পরিমাণ .................. টাকা উক্ত সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে জমা দেওয়ার জন্য গোষ্ঠীর শ্রী/শ্রীমতী ..................................................................................... উপর দায়িত্ব দেওয়া হল। এই মাসের টাকা যারা জমা দিল না, পরের মাসে ................................ টাকা জরিমানাসহ পরের সভায় জমা দিতে হবে।

আলোচ্য সূচী ৩। ঋণ গ্রহণের আবেদন সম্পর্কে আলোচনা। যেহেতু এই গোষ্ঠীর বয়স ............................ মাস/বৎসর, নিয়মিত জমার পরিমাণ ................ টাকা এবং ঠিকমত সভা হয় ও বিভিন্নরকম সামাজিক কাজ করছে এবং গোষ্ঠী সবদিক থেকে দায়িত্বশীল, সেইহেতু ঋণের জন্য আবেদনকারীগণের নিম্ন তালিকা অনুযায়ী এই সভা ঋণ অনুমোদন করিল ও সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের কর্তৃপক্ষের নিকট সত্ত্বর ঋণ দাদনের জন্য অনুরোধ জানাইল।



| ক্রমিক নং | সদস্য/ সদস্যার নাম | পিতা/ স্বামীর | জমার পরিমাণ | ঋণের উদ্দেশ্য | আবেদনের পরিমাণ | মঞ্জুরীকৃত ঋণের | সুদের হার মাসিক | পরিশোধের বিবরণ কিস্তির সময় | কিস্তির সংখ্যা | কিস্তির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

উক্ত                    জনের মোট   টাকা ঋণ অনুমোদন করা হল। আরও স্থির করা হল গৃহীত ঋণের টাকা যে/যারা সময়মতো শোধ দেবে না তাদের অতিরিক্ত                    টাকা হারে (মাসিক ১০০ টাকায়) অতিরিক্ত সুদ হিসাবে দিতে হবে এবং মাসিক।

আলোচ্য সূচী ৪। সামাজিক দায়িত্ব পালন সম্পর্কে আলোচনা ঃ

গোষ্ঠীর অর্থনৈতিক উন্নতির সাথে সামাজিক দায়-দায়িত্ব পালন সম্পর্কে এই সভায় যে আলোচনা হল তা নিম্নরূপ —

১। গণতান্ত্রিক মনোভাব নিয়ে সামাজিক অত্যাচার বন্ধ ও সামাজিক ন্যায় প্রতিষ্ঠান।

২। মাদক বিরোধী সংগ্রাম গড়ে তোলা।

৩। মানুষের সঙ্গে মিলে মিশে সচেতন বোধ বাড়ানো।

৪। বিভাগীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে স্বাক্ষরতা, বৃক্ষরোপন, স্বাস্থ্য সচেতন, সন্তানদের শিক্ষা ও সুস্থ পরিবেশ গঠন ও শৌচাগার তৈরী সম্পর্কে বিভিন্ন আলোচনা করে সমন্বয় গড়ে তোলার চিন্তাভাবনা করতে হবে।

উপরের আলোচ্য সূচী বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ ঃ

আলোচ্য সূচী-৫        বিবিধ

পারস্পারিক ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার কাজ শেষ করা হল।

সভানেত্রী/সভাপতি

ব্যাঙ্কের নাম ....................................................................................

স্বয়ম্ভর গোষ্ঠীর নাম ............................................................................

# নগদ বই

## জমার হিসাব

| তারিখ | রসিদ নং | কার কাছ থেকে পাওয়া গেল | কোন খাতা পাওয়া গেল | | | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | আমানত | কর্জ | | | |
| | | | | আসল | সুদ | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |



ঠিকানা ....................................................................................

ঠিকানা ....................................................................................

# (ক্যাশ বুক)

## খরচের হিসাব

| তারিখ | ভাউচার নং | কাকে দেওয়া হল | কোন খাতে দেওয়া হল | | | | | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আমানত | কর্জ | | অন্যান্য | | | |
| | | | | আসল | সুদ | স্টেশনারী | টিফিন | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| আগত পূর্বের হস্ত মজুত - | | | | | | | | | |
| আজকের জমা- | | | | | | | | | |
| মোট — | | | | | | | | | |
| বাদ আজকের খরচ | | | | | | | | | |
| আজকের মজুত | | | | | | | | | |

স্বাক্ষর (কোষাধক্ষ্য/দলনেত্রী)

# খতিয়ান

ব্যাঙ্কের নাম ........................................................................

স্বয়ম্ভর গোষ্ঠীর নাম ........................................................................

সদস্য/সদস্যার নাম ........................................................................

| ব্যক্তিগত সঞ্চয়ী আমানতের খতিয়ান | | | | | | ব্যক্তিগত | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | বিবরণ | জমা | তোলা. | মোট জমা | দল নেত্রীর স্বাক্ষর | তারিখ | কত টাকা কর্জ লইলেন | সুদের হার |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |



ঠিকানা ........................................................................

ঠিকানা ........................................................................

পিতা/স্বামীর নাম ........................................................................

## ঋণ-এর খতিয়ান

| পরিশোধের বিবরণ | | | কর্জ শোধ | | | কর্জ বাকী | | | দল নেত্রীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কত মাস অন্তর দেয় | কিস্তির সংখ্যা | কিস্তির পরিমাণ | তারিখ | আসল | সুদ | তারিখ | আসল | সুদ | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

# স্বয়ম্ভর গোষ্ঠী

## আপনাদের কাজকর্ম কেমন চলছে?

দলের কাজকর্ম যাতে আরও ভালভাবে চলে তার জন্য সকলে একসঙ্গে মিলেমিশে কাজ করুন

আপনাদের দলের নাম ............................................

**নিয়মিত মিটিং করতেই হবে**

- আপনাদের দলের মিটিং হয়?
- মাসে কম করে একদিন মিটিং হয় তো?
- আগে থেকে দিন ঠিক করা আছে কি?
- মিটিং-এ সবাই আসে তো?
- মিটিং-এ সকলের মতামত শোনা হয় তো?
- মিটিং-এ বসে সবাই মিলে যা ঠিক করে তা খাতায় লিখে রাখা হয় কি?
- দলের সকলের সঞ্চয় তহবিলে নিয়মিত টাকা জমা রাখছে তো?
- সঞ্চয় তহবিলে যা জমা হচ্ছে তার হিসাব রাখা হচ্ছে তো?
- সবার নামে আলাদা আলাদা পাশ বই আছে তো?
- জমা টাকা ব্যাংকে রাখছে তো?
- সঞ্চয় তহবিলে দলের সকলেই টাকা জমা রাখবে জমা টাকার হিসাব সঠিকভাবে রাখতেই হবে।
- সঞ্চয় তহবিলের জমা টাকা থেকে কোন কাজ করছে কি?
- কেউ এই টাকা থেকে ধার নিলে সময়ে শোধ করে তো?
- কে কত বার নিল কে কত ফেরৎ দিল এসব হিসাব ঠিক করে লেখা থাকে কি?
- টাকা ধার নিলে সুদ দিতে হয় কি?
- তহবিল থেকে টাকা নিয়ে সদস্য/সদস্যারা নিজেদের প্রয়োজনে লাগাবে, কিন্তু টাকা সময় মত ফেরৎ দিতে হবে।

**স্বাস্থ্য ও শিক্ষা**

- সবাই সাক্ষরতা কেন্দ্রে যায় কি?
- সকলের বাড়ির বাচ্চারা স্কুলে যায় কি?
- বাড়ির 'মেয়েদের' স্কুলে পাঠানো হয় কি?
- ছোটো শিশুদের টিকা দেওয়া হয় তো?
- সবগুলি ডোজ দেওয়া হয় কি?
- গর্ভবতী মা কে টিকা, ইনজেকশন দেওয়া হয় তো?
- পুকুরের জল ও খাবার জল পরিষ্কার রাখা হয় কি?
- গ্রামের উন্নতির জন্য যে সব কাজ করতে পারেন
- বাড়ীর কাছের ফাঁকা জায়গাতে দলের সকলে সবজির গাছ, ফুলের গাছ লাগান।
- পতিত জায়গায় দলের মেয়েরা মিলে চাষবাস করা, গাছ লাগানো, নার্সারী করা, ঔষধি গাছের চাষ করা এসব কাজ করার পরিকল্পনা নিন।
- প্রয়োজনে পঞ্চায়েতে যোগাযোগ করুন।
- পুকের জল ও খাবার জল পরিস্কার রাখুন।

---

**দলের সকলে বাচ্চাদের বিশেষ করে বাচ্চা মেয়েদের স্কুল পাঠাবার ব্যবস্থা নিন। গর্ভবতী মা ও শিশুদের টিকা/ইনজেকশনের ব্যবস্থা নিন। আপনাদের দলের সকলে মিলে গ্রামের সম্পদ রক্ষার কাজে অংশ নিন।**



আলিপুরদুয়ার মহকুমার শালকুমারহাট গ্রামে ব্যাঙ্কের ঋণ ও গ্রামোন্নয়ন শীর্ষক সভা



পুরুলিয়া ১নং ব্লকে ব্যাঙ্কের আর্থিক সহায়তায় কেঁচোসার প্রকল্প



পূর্ব মেদিনীপুর জেলার শংকরপুর গ্রামে মহিলাদের স্বয়ম্ভর গোষ্ঠী গঠনের সভা

## স্বনির্ভর দলের সদস্যগণ রোজগার বাড়াতে কি কি কাজের জন্য ঋণ পেতে পারেন?

উদাহরণঃ

**১. কৃষি বিকাশ ঃ**

- খাদ তথা বীজ কেনা • চারা গাছ লাগানো ও বিক্রি
- ফল, সব্জী, শস্য উৎপাদন • কেঁচোর সার উৎপাদন (ভার্মিকালচার কম্পোষ্ট)
- ফুলের চাষ

**২. পশু পালন ঃ**

- ছাগল • শুয়োর • মেষ পালন
- গরু ও মোষ পালন • মৌমাছি পালন
- মুরগী খামার • মৎস্যচাষের পুকুর ভাগে নেওয়া

**৩. অন্যান্য কুটির ব্যবসা করা ঃ**

- ভ্যান রিক্সা চালানো • ঘোড়া গাড়ী চালানো
- গরুর গাড়ী মোষের গাড়ী চালানো • ঠেলা গাড়ী • জমি কেনা
- বন্ধক জমি ছাড়ানো • পাট্টায় জমি নেওয়া • দোকানের মেরামতি
- স্বর্ণকারের ঋণ পরিশোধ • খনি, অনুর্বর জমি পাট্টায় নেওয়া।

**৪. গ্রাম এবং কাছাকাছি গ্রামীন হাট / বাজার বসলে যে সকল বস্তুর বিক্রয় সম্ভব তার কেনা বেচা ও উৎপাদন।**

- সার এবং বীজ বপন • মুদিখানা • দড়ি বুনন • দড়ির ম্যাট বানানো
- গাছের পাতার পাত্র বানানো • কাপড় বিক্রয় • খেলনা বিক্রয় • টিপ তৈরী
- স্টেশনারী দোকান • রেডিমেড কাপড় তৈরী এবং তার দোকান
- দড়ি/ খেস বানানো তথা বিক্রয় • চুড়ি বিক্রয় • দুধ বিক্রয় • পিকো মেশিন
- সেলাই ও সূচের কাজ • আটার চাকী • টেন্ট হাউস • ধাবা • চায়ের দোকান
- সবজি বিক্রয় • সাইকেল সারানো • টিউবওয়েল, ইঞ্জিন সারানো • ট্রাক্টর মেরামত
- আচার, সস্, ডালের বড়ি, পাঁপড় ডাল তৈরী • মশলা, ডালিয়া • আনাজের দোকান
- সোয়েটার বুনন • কাগজের প্যাকেট • চাটাই • মোড়া • চপ্পল • জুতা • ব্রাশ • ঝাড়ু
- চটের ব্যাগ • চামড়ার বেল্ট • ছুতোরের কাজ যন্ত্রাদির কাজ • হ্যান্ডমেড কাগজ
- ফাইল তৈরী • স্কুল ব্যাগ • রেক্সিন ব্যাগ • সাইকেলের সীট কভার
- মাটির বাসন তথা মূর্তি • জরির কাজ • দুগ্ধজাত খাদ্য • জড়ি-বুটি • হ্যান্ডলুম
- স্ক্রিন প্রিন্টিং • টুনি বাল্ব • ফুলের মালা বানোনো • কৃষির সরঞ্জাম বানানো।

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক লিঃ কর্তৃক প্রচারিত
২৫ ডি, শেক্সপীয়ার স্মরণী, কলকাতা - ৭০০ ০১৭